দৈনিক ইত্তেফাক

তারিখ 16 MAY 1997
পৃষ্ঠা ৭ কলাম ২

# অবিলম্বে ডাকসু নির্বাচন অনুষ্ঠানের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভায় ছাত্রলীগ ও কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ছাত্র নেতৃবৃন্দ অবিলম্বে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডাকসু নির্বাচন

(১ম পৃঃ পর)

বর্তমান ডাকসু ভাঙ্গিয়া দিয়া ডাকসু নির্বাচনের তফসিল ঘোষণার দাবী জানাইয়াছেন। বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে ভিসি প্রফেসর এ, কে, আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রক্টরের উপস্থিতির প্রতিবাদে ছাত্রদল ওয়াক আউট করে। সভায় ছাত্র নেতৃবৃন্দ 'ব্যারিষ্টার মইনুল হোসেন তদন্ত কমিটি'র সুপারিশের ভিত্তিতে সিন্ডিকেট কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রতি ঐকমত্য পোষণ করেন। ছাত্র নেতৃবৃন্দ হল প্রশাসন জোরদার, সকল ছাত্রাবাসের গেটে পুলিশ প্রহরা জোরদার, পরিচয়পত্র নকল রোধে ছাত্রদের লেমিনেটেড পরিচয়পত্র প্রদান ইত্যাদির দাবী জানাইয়া বক্তৃতা করেন।

সভায় ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম বলেন, ৭ বছরের অকার্যকর ডাকসু এখন আমান-খোকনদের চাঁদাবাজির সাইনবোর্ডে পরিণত হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য অক্ষুণ্ণ রাখার প্রয়োজনেই এই ডাকসু ভাঙ্গিয়া দিতে হইবে। সভায় ছাত্রলীগের (শা-পা) সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, ছাত্র নেতা বাহাদুর ব্যাপারী, ছাত্রলীগের (চুন্নু-করিম) সভাপতি ওবায়দুর রহমান চুন্নু, ছাত্র ইউনিয়নের সভাপতি আসলাম খান, ছাত্রনেতা মাহবুবুল হক রিপন, ছাত্র মৈত্রীর জিয়াউল হক জিয়া, প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিবুন নবী সোহেলের নেতৃত্বে ছাত্রদল নেতৃবৃন্দ সভা শুরুতে সভাকক্ষে প্রবেশ করিয়া প্রক্টরের উপস্থিতির প্রতিবাদ জানান। পরে তাহারা ওয়াক আউট করেন।